

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৬৮

তারিখ: ১০ কার্তিক ১৪২৬  
২৬ অক্টোবর ২০১৯

বিষয়: প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোনো সতর্কবার্তা নেই।

আজ ২৬ অক্টোবর ২০১৯ খ্রীঃ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ টাংগাইল, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কিঃ মিঃ বেগে বৃষ্টি/বজ্র-বৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ উড়িষ্যা উপকূল ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি বর্তমানে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশ উপকূল এলাকায় অবস্থান করছে।

পূর্বাভাসঃ ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায়; ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী ও রংপুর বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের উত্তরপূর্বাংশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টিপাতের প্রবনতা হ্রাস পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৬.৪	২৫.৩	৩২.৯	২৫.০	২৪.০	২২.৭	২৫.৫	২৬.৩
সর্বনিম্ন তাপমাত্রা	১৯.০	২০.০	২২.১	২১.০	১৯.২	১৮.৫	২০.০	২২.৪

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ ৩২.৯° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৮.৫° সেঃ।

বৃষ্টিপাত ও নদ-নদীর সর্বশেষ অবস্থাঃ

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতীয় প্রদেশসমূহের কতিপয় স্থানে আগামী ২৪ ঘণ্টায় ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- আগামী ২৪ ঘণ্টায় ব্রহ্মপুত্র- যমুনা ও গঙ্গা- পদ্মা নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল দ্রুত বৃদ্ধি পেতে পারে।

#### নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	৯৩	বিগত ২৪ ঘণ্টায় পানি সমতল অপরিবর্তিত	০৬
বিগত ২৪ ঘণ্টায় পানি সমতল বৃদ্ধি	৫০	মোট তথ্য পাওয়া যায়নি	০২
বিগত ২৪ ঘণ্টায় পানি সমতল হ্রাস	৩৫	বিপদসীমার উপরে	০০

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (১১ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/ ২৬ অক্টোবর ২০১৯ খ্রীঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী): নেই।

বৃষ্টিপাতের তথ্য: গত ২৪ ঘণ্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
জামালপুর	১২৪.০	বগুড়া	১১৫.০
সিরাজগঞ্জ	১০৮.০	নাকুয়াগাঁও	৯৫.০
সুনামগঞ্জ	৯২.০	জাফলং	৮৯.০
চাপাইনবাবগঞ্জ	৮৯.০	লরেরঘর	৮২.০
রোহানপুর	৮২.০	কুষ্টিয়া	৭৪.০
জারিয়াজাঞ্জাইল	৭২.০	দেওয়ানগঞ্জ	৭০.০

#### অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ২৪/১০/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৫/১০/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৩টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৫	০	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	রংপুর	২	০	০
৭।	চট্টগ্রাম	৪	০	০
৮।	খুলনা	১	০	০
	মোট	১৩	০	০

২। ইহা মহোদয়ের সদয়

অবগতির জন্য প্রেরণ করা হলো।

২৬-১০-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৬৮/১(৬৫)

তারিখ: ১০ কার্তিক ১৪২৬

২৬ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক , ত্রাণ অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) উপপরিচালক , পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা

২৬-১০-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা